গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড
বকশি বাজার, ঢাকা-১২১১।

স্মারক নং- ৫৮.০৪.০০০০.০৩১.০৯.০১১.২৫-২৮৯ (৭৮)　　　　তারিখ : ১২ আষাঢ়' ১৪৩২ / ২৬ জুন' ২০২৫

বিষয় : **নিরীক্ষা আপত্তির সাথে সম্পৃক্ত হিসাবপত্রাদি এবং অন্যান্য আনুসাংগিক কাগজপত্রাদি যথাযথভাবে সংরক্ষণ ও লিপিবদ্ধকরণ প্রসংগে।**

বিভাগীয় নিরীক্ষা দল কর্তৃক কারাগারসমূহ নিরীক্ষায় প্রতি বারই একই ধরনের আপত্তি তাদের রিপোর্টে উত্থাপন করেন। উক্ত বিষয়টি অডিট আপত্তি নিষ্পত্তি করণ কমিটির ১ম সভায় গত ১২-২-২০২৫ তারিখে আলোচিত হয়। আলোচনান্তে উত্থাপিত অনিয়ম/আপত্তি রোধকল্পে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

১। বন্দীদের জন্য প্রতি মাসে সাবান বিতরণের জন্য কোন রেজিষ্টার সংরক্ষণ করা হয় না এবং উক্ত সাবান বিতরণের জন্যও কোন প্রাপ্তি স্বীকার(স্বাক্ষর) গ্রহণ না করা ;

**করণীয়ঃ** এখন থেকে প্রতি মাসে সাবান বিতরণের সময় দায়িত্বরত কারারক্ষী,সংশ্লিষ্ট ওয়ার্ডের রাইটার এবং ১ জন বন্দীর নাম ও নম্বরসহ সাবান প্রাপ্তির স্বীকার রেজিষ্টারে পূর্ণ নাম ও পদবীসহ কমপক্ষে তিন জনের স্বাক্ষর নিতে হবে।

২। সরকারী কোষাগারে অর্থ জমার স্বপক্ষে চালানের কপিতে অর্থ বছর ও অনুচ্ছেদ নং উল্লেখ না করা ;

**করণীয়ঃ** সরকারী কোষাগারে অর্থ জমার স্বপক্ষে চালানের কপিতে অর্থ বছর ও অনুচ্ছেদ নং উল্লেখ পূর্বক অর্থ জমা করতে হবে।

৩। অর্থ বছর ও অনুচ্ছেদ অনুযায়ী পৃথক পৃথক চালান ব্যবহার না করা;

**করণীয়ঃ** আপত্তি মোতাবেক প্রতিটি অনুচ্ছেদের জন্য পৃথক পৃথক চালানের মাধ্যমে অর্থ জমা করতঃ জমাকৃত অর্থের অনলাইন চালানসহ প্রেরণ করতে হবে।

৪। প্রতিটি ডিসি বিলের সাথে কার্যাদেশে কপি সংযোজন না থাকা ;

**করণীয়ঃ** স্থানীয় হিসাব রক্ষণ অফিসে প্রেরিত প্রতিটি ডিসি বিলের সাথে ভাউচারসহ কার্যাদেশের কপি সংযুক্ত করতে হবে।

৫। কারাভ্যন্তরে প্রবেশকৃত সকল মালামাল গেইট আর্টিকেলে এন্ট্রি না করা:

**করণীয়ঃ** কারাভ্যন্তরে প্রবেশকৃত সকল মালামাল যথাসময়ে গেইট আর্টিকেলে এন্ট্রিপূর্বক সঙ্গে সঙ্গে গেইট রক্ষি ও জেলারের স্বাক্ষর গ্রহণ করতে হবে।

উক্ত সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

২৬/৬/২৫
মনির আহমেদ
কারা উপ-মহাপরিদর্শক (সঃ দঃ)
পক্ষে-কারা মহাপরিদর্শক
ফোন নং ৫৭৩০০৪০০(দপ্তর)

১। সিনিয়র তত্ত্বাবধায়ক
সকল কেন্দ্রীয় কারাগার।

২। তত্ত্বাবধায়ক
সকল জেলা কারাগার।

অনুলিপিঃ

১। কারা উপ-মহাপরিদর্শক(সকল)।
২। ভারপ্রাপ্ত কর্মকর্তা,আইসিটি সেল, কারা অধিদপ্তর,ঢাকা(কারা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৩। দপ্তর কপি।

Circular-14